যুগান্তর

তারিখ ... ২৫/৫/১৫ ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

এমপিওভুক্তির দাবি

ঈদের দিন কালোব্যাজ ধারণ করবেন শিক্ষকরা

যুগান্তর রিপোর্ট

এমপিওভুক্তির দাবিতে এবার ঈদের দিন কালো ব্যাজ ধারণ করবেন বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের এমপিওবঞ্চিত শিক্ষক-কর্মচারীরা। একই দাবিতে ২ সেপ্টেম্বর থেকে ক্লাস-পরীক্ষা বর্জন করে জাতীয় প্রেস ক্লাবের সামনে লাগাতার অবস্থান ধর্মঘট করবেন তারা। শুক্রবার রাজধানীর তোপখানা রোডে বাংলাদেশ বেসরকারি শিক্ষক-কর্মচারী পরিষদ ও নন-এমপিও শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ঐক্যজোটের এক যৌথ সংবাদ সম্মেলনে এসব কর্মসূচি ঘোষণা করা হয়। উভয় সংগঠনের সমন্বয়ক মোস্তফা হানিফউল্লাহ বলেন, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের দাবি পূরণে সরকারকে ২৭ রোজা পর্যন্ত সময় বেঁধে দেয়া হলেও তাতে সাড়া মেলেনি। এমপিওবঞ্চিত শিক্ষক-কর্মচারীরা দাবি আদায়ে ঈদের দিন নিজ নিজ অবস্থানে থেকে কালো ব্যাজ ধারণ করবেন। এছাড়া ২ সেপ্টেম্বর থেকে দাবি আদায় না হওয়া পর্যন্ত লাগাতার অবস্থান কর্মসূচি পালন করা হবে। এ সময় ক্লাস-পরীক্ষা বন্ধ থাকবে। সংবাদ সম্মেলনে জানানো হয়, বর্তমানে সারাদেশে এক লাখের মতো শিক্ষক-কর্মচারী রয়েছেন, যাদের এখনো এমপিওভুক্ত করা হয়নি। সব ধরনের শর্ত পূরণ করার পরও সাত হাজার শিক্ষাপ্রতিষ্ঠানকে এখনো এমপিওভুক্ত করা হয়নি। অন্যদের মধ্যে সংগঠনের সাধারণ সম্পাদক একেএম জহিরুল ইসলাম চৌধুরী, সদস্য এন শাহজাহান ও সাইদুল পলি সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন। এমপিওভুক্তির দাবিতে স্কুল, কলেজ ও মাদ্রাসার এমপিওবঞ্চিত শিক্ষকরা গত বছর ঈদুল আজহার দিনে কেন্দ্রীয় শহীদ মিনারে অবস্থান নিয়ে কর্মসূচি পালন করেন।